

র

চলে যান।  
ককে সেতুর  
গতে বলেন।  
রায় গাড়ির  
রেন। খবর  
সে। তখনই  
ক্ষণ আগে  
ছেন।  
স্বিক্ষেপকরা  
হ নিচ্ছেন  
ঠেতে শুক  
মানসিক  
বিভাগের  
বারবার  
ছা। বিভিন্ন  
সলিগয়ের  
রও কেন  
নিচ্ছেন  
গার বিষয়



বেঙ্গল সাফারিতে আসা হগ ডিয়ার ও কৃষ্ণসার। সোমবার তপন দাসের তোলা ছবি।

র

সোমবার  
বিশিষ্ট  
নগুপ্তের  
র জন্য  
ড ৩টার  
শুনানি  
বাসিন্দা  
৩১ মার্চ  
ব তিনি  
কোর্টের  
স্ব বার  
কমল  
মিতাভ  
পরকার  
বক্তব্য

# বেঙ্গল সাফারিতে এল কৃষ্ণসার হরিণ

শিলিগুড়ি, ৩ এপ্রিল : শিলিগুড়ির বেঙ্গল সাফারিতে এবার থেকে কৃষ্ণসার হরিণ এবং হগ ডিয়ারেরও দেখা মিলবে। সোমবার রাজ্যের বনমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক শিলিগুড়ির বেঙ্গল সাফারি পার্কে আনুষ্ঠানিকভাবে এই দুই সাফারির উদ্বোধন করেন। সাফারির এনক্লোজারে চারটি হগ ডিয়ার এবং বেশ কয়েকটি কৃষ্ণসার হরিণ ছাড়া হয়েছে। হার্বিভোরাস সাফারির মধ্যোই দিয়েই এই দুই সাফারিতে যাওয়া যাবে। অন্যদিকে, মন্ত্রী কাসিয়ার্ণের ডাউহিলে ফরেস্ট রেঞ্জার্সদের প্রশিক্ষণ কেন্দ্রের উন্নতিকরণেরও নির্দেশ দিয়েছেন। সোমবার তিনি বনকর্তাদের নিয়ে এলাকায় গিয়েছিলেন। এলাকা ঘুরে দেখার পরেই পরিকাঠামো উন্নয়নের নির্দেশ দেন। এদিকে, কিছুদিনের মধ্যেই দার্জিলিং চিড়িয়াখানায় দুটি সাইবেরিয়ান টাইগার আনা হচ্ছে। ইতিমধ্যে সমস্ত পরিকাঠামো তৈরি করা হয়েছে। বনমন্ত্রী জানিয়েছেন, 'কিছুদিনের মধ্যেই আমরা দুটি সাইবেরিয়ান টাইগার নিয়ে আসছি।

ডাউহিলে ইকো টুরিজম কটেজ তৈরিরও চিন্তাভাবনা করা হয়েছে। শীঘ্রই পর্যটন দপ্তরের সঙ্গে কথা বলা হবে। সুপ্রিম কোর্ট এবং জাতীয় পরিবেশ আদালতের পক্ষ থেকে দেশের অভয়ারণ্য থেকে পাঁচ কিলোমিটার এলাকা কোর এলাকা হিসেবে চিহ্নিত করার নির্দেশ দিয়েছে। তাই মহানন্দা অভয়ারণ্য থেকে পাঁচ কিলোমিটার এলাকাকে যদি কোর এলাকা হিসেবে ঘোষণা করা হয় তবে শিলিগুড়ি শহরের একটা অংশ থেকে বস্তু উচ্ছেদ করে দিতে হবে। এই পরিস্থিতিতে রাজ্য বিষয়টি নিয়ে একটি রূপরেখা তৈরি করার সিদ্ধান্ত নেয়। সেইমতো বনমন্ত্রী মাসখানেক আগেই শিলিগুড়িতে এসে শহরের মেয়র গৌতম দেবের সঙ্গে বৈঠক করেন। সেই সময় শিলিগুড়ি-জলপাইগুড়ি উন্নয়ন কর্তৃপক্ষকেও (এসজেডিএ) ডাকা হয়েছিল। কিন্তু কেউই ওই সময় কোনও মন্তব্য করতে চাননি। মাসখানেক বাদে সোমবার বনমন্ত্রী ফের একই বিষয় নিয়ে শিলিগুড়ির মেয়রের সঙ্গে

বৈঠক করেন। একটি স্ট্যাটাস রিপোর্ট তৈরি করে রাজ্য সরকার তা কেন্দ্রীয় বন ও পরিবেশমন্ত্রকের কাছে পাঠাবে বলে ওই বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়। রাজ্যের রিপোর্টের ওপর গুরুত্ব দিয়ে পুরোনো নির্দেশিকা বিবেচনা করার আবেদন করা হবে। শহরের দিক থেকে কোর এলাকাকে কমিয়ে রাজ্য অন্যান্য বাড়িয়ে দেওয়ার প্রস্তাব দিচ্ছে। যেমন মহানন্দা অভয়ারণ্য থেকে শালুগাড়ার দিকে পাঁচ কিলোমিটারের বদলে কিছুটা কমিয়ে জঙ্গলের ভিতরে অন্যদিকে কোর এলাকা বাড়ানোর প্রস্তাব দেওয়া হচ্ছে। এসবের পাশাপাশি উত্তরবঙ্গের জঙ্গলে পরপর তিনটি হাতির মৃত্যুতে তদন্ত কমিটি তৈরি হয়েছে বলে রাজ্যের প্রধান মুখ্য বনপাল সৌমিত্র দাশগুপ্ত জানিয়েছেন। সেই কমিটি একটি রিপোর্ট দিয়েছে। ওই রিপোর্টে সেনার প্রশিক্ষণস্থলের বোমার বিস্ফোরণ থেকেই হাতিগুলির মৃত্যু হয়েছে বলে উল্লেখ রয়েছে বলে তিনি জানিয়েছেন।

য়  
পড়া  
মাস্ত  
ফের  
্যাগে  
চশা  
যান।  
হয়।  
ফের  
শের  
ভিন্ন  
বিবে  
ফের  
সডি

## সাগরদিঘি মডেলের

## যুবকের মৃত্যুতে বিহুল ভানুনগর